

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ।

Email-nislammc@ac.dghs.gov.bd, phone- :88 02997761962

এমবিবিএস ভর্তি পরীক্ষা, শিক্ষাবর্ষ ২০২২-২০২৩

তারিখ: ১০ মার্চ, ২০২৩ খ্রিঃ, শুক্রবার

সময়: ১ ঘণ্টা (সকাল ১০:০০ টা থেকে ১১:০০টা)

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

- ১। পরীক্ষার্থীকে অবশ্যই মাঝ পরিধান করতে হবে এবং করোনাকালীন স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।
- ২। OMR এর উপর ১০ (দশ) অংকের Set code টি প্রশ্নপত্রে উল্লেখিত Set code এর সাথে না মিললে প্রশ্নপত্রটি পরিবর্তন করে নিতে হবে।
- ৩। কালো কালির বল পেন দিয়ে MCQ পরীক্ষার উত্তরপত্রের সবকিছু পূরণ করতে হবে।
- ৪। Roll No. এবং Serial No. এর প্রতিটি ঘর পূরণ করতে হবে। Roll No. এবং Serial No. এর জন্য নির্দিষ্ট বৃত্তসমূহ কালো কালির বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে।
- ৫। বৃত্তগুলো এমনভাবে ভরাট করতে হবে যেন ভিতরের লেখাটি দেখা না যায়।
- ৬। প্রবেশপত্রে ব্যবহৃত স্বাক্ষর অনুযায়ী উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। উত্তরপত্র ও আবেদনপত্রে ব্যবহৃত নাম ও স্বাক্ষর অভিন্ন হতে হবে।
- ৭। পরীক্ষার্থী কর্তৃক প্রশ্নপত্রের সাথে সংযুক্ত উত্তরপত্র (OMR Sheet) টি প্রার্থী কর্তৃক নিজ দায়িত্বে সাবধানতার সাথে আলাদা করে উত্তর প্রদান শুরু করতে হবে।
- ৮। প্রশ্নপত্রের সাথে দেয়া উত্তরপত্রে প্রতিটি প্রশ্নের জন্য চারটি উত্তরের বৃত্ত রয়েছে। তার মধ্যে হতে সঠিক উত্তরের বৃত্তটি পরিচ্ছন্নভাবে সম্পূর্ণ ভরাট করে দিতে হবে।
- ৯। উত্তরপত্রের নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা ছাড়া এবং নির্দেশিত স্থান ব্যতিত অন্য কোন স্থানে কিছু লিখা সম্পূর্ণ নিষিদ্ধ। লিখলে উত্তরপত্র বাতিল হয়ে যাবে।
- ১০। হল পরিদর্শকের নিকট জমা দেয়ার পূর্বে পরীক্ষার্থী কর্তৃক অবশ্যই প্রশ্নপত্র ও উত্তরপত্র আলাদা আছে কিনা তা নিশ্চিত হতে হবে।
- ১১। খসড়া জন প্রশ্নপত্র ব্যবহার করা যাবে। কোন পৃথক কাগজ ব্যবহার করা যাবে না। প্রশ্নপত্রের কোন অংশ ছেঁড়া যাবে না কিংবা কাঁচুর সাথে বদল করা যাবে না। প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে অবশ্যই ফেরৎ দিতে হবে।
- ১২। পরীক্ষা শেষে হলপরিদর্শকগণ প্রশ্নপত্র ও উত্তরপত্র (OMR) আলাদা আছে কি না তা নিশ্চিত করে নিবেন। উত্তরপত্র ও প্রবেশপত্রের নাম ও স্বাক্ষর অভিন্ন হতে হবে।
- ১৩। পরীক্ষার্থীকে হল পরিদর্শকের নির্দেশ ও সিদ্ধান্ত মেনে চলতে হবে। উত্তর পত্রের নির্দিষ্ট স্থানে পরিদর্শকের নাম ও স্বাক্ষর গ্রহণ করতে হবে। কর্তব্যরত পরিদর্শকের নাম ও স্বাক্ষরবিহীন উত্তর পত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৪। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এবং হল সুপার/কক্ষ পরিদর্শকের অনুমতি ব্যতীত পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে দেওয়া হবে না।
- ১৫। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।
- ১৬। পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বন অথবা বিশৃঙ্খলা সৃষ্টি করতে কিংবা অন্যের সাহায্য নিতে দেখা গেলে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এবং তার উত্তরপত্র বাতিল হয়ে যাবে।
- ১৭। পরীক্ষার হলে মোবাইল ফোন, ইলেক্ট্রনিক্স/ডিজিটাল ডিভাইস নিয়ে প্রবেশ করা ও ব্যবহার সহ সায়েন্টিফিক ক্যালকুলেটর, হাত ঘড়ি বা পকেট ঘড়ি ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। যদি কেউ এই সব উপকরণ ব্যবহার করেন তবে তার উত্তর পত্র বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৮। পরীক্ষার্থী পরীক্ষার হলে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশ গ্রহণ করবেন এবং অবশ্যই দুই কান খোলা রাখবেন। প্রয়োজনে পরীক্ষার্থীকে সনাক্তকরণের জন্য হল পরিদর্শকগণ পরীক্ষার্থীর মুখমণ্ডল খোলার নির্দেশনা দিতে পারবেন।



অধ্যাপক ডাঃ মোঃ নজরুল ইসলাম
অধ্যক্ষ
শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ
কিশোরগঞ্জ।